

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সভা
সভা নং-১১

সভাপতি : জনাব মোঃ নজরুল ইসলাম নয়ন, আইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।
তারিখ : ১৯-০৪-২২ খ্রিঃ
সময় : ১১:০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবি ও স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবি	স্বাক্ষর
০১	জনাব মোঃ বাসেমুল আলম শিশির	চেয়ারম্যান, ১ নং তারাকান্দা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০২	জনাব মোঃ আব্দুর রহমান তালুকদার	চেয়ারম্যান, ৪ নং গালাগাঁও ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৩	জনাব মোঃ শামসুল ইসলাম	চেয়ারম্যান, ৫ নং বালিখা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৪	জনাব মোঃ একরামুল হক তালুকদার	চেয়ারম্যান, ৬ নং চাকুয়া ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৫	জনাব সাকির আহমেদ বাবুল	চেয়ারম্যান, ১০ নং বিসকা ইউনিয়ন পরিষদ	স্বাক্ষর
০৬	জনাব মোঃ রমিজ উদ্দিন আলম	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ।	স্বাক্ষর

সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটির সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে আলোচ্য সূচী আলোচনা করতে বলেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভার দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

০১। প্রশিক্ষণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা যুব নারীর দক্ষতা বৃদ্ধিসহ ১৪টি ব্যাচে ৪২০ জন। মার্চ/২০২২ খ্রিঃ মাস পর্যন্ত অত্র উপজেলার প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলার সংখ্যা ২১০২ জন। চলতি অর্থবছরে ৩৩০ জন।

০২। আত্মকর্মসংস্থানঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলার ২০২১-২০২২ খ্রিঃ অর্থ-বছরে আত্মকর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ৮৪ জন। তনমধ্যে মার্চ/২০২২ খ্রিঃ পর্যন্ত ৬৩ জনকে আত্মকর্মী করা হইয়াছে। অত্র উপজেলার শুরু থেকে মার্চ/২০২২ খ্রিঃ পর্যন্ত আত্মকর্মীর সংখ্যা ৫৫৩ জন। অর্জিত লক্ষ্যমাত্রা শতভাগ।

০৩। যুব ঋণঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব ঋণ সম্পর্কে সভায় জানান যে, অত্র উপজেলার যুব ঋণের বরাদ্দের পরিমাণ ৫২৭০০০০/- যা ঘূর্ণায়মান তহবিল হিসাবে বর্তমানে ৫৯৫৮১১৮/- হয়েছে। ২০২১-২০২২ খ্রিঃ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯০ জনকে ৪৯,৫০,০০০ (আনুয়ারী)/২০২২ খ্রিঃ পর্যন্ত ইতিমধ্যে ৫৩ জনকে ৩১২০০০০/- বিতরণ করা হয়েছে। চলমান আদায়যোগ্য ৩০১২০০/- আদায়কৃত ২৩৪৩০০/-। আদায়ের হার ৭৮%। ক্রমপূঞ্জিত বিতরণ ২৫৩ জনকে ১৪৯২০০০০/-। ক্রমপূঞ্জিত আদায়যোগ্য ১০১৮৪৯০০/- ক্রমপূঞ্জিত আদায়কৃত ৯০১৭৯০০/-। আদায়ের হার ৯২%।

০৪ যুব সংগঠনঃ অত্র উপজেলার ১৫ টি তালিকাভুক্ত সংগঠন আছে। স্বীকৃতিপ্রাপ্ত ৪ টি। তনমধ্যে সক্রিয় ৮টি। সংগঠনগুলো তাদের গঠনতন্ত্র অনুযায়ী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে।

০৫। অত্র কার্যালয়ে বেকার যুব/যুব মহিলারা কৃষিভিত্তিক প্রশিক্ষণ ছাড়াও কম্পিউটার, ফিল্মসিং, মোবাইল সার্ভিসিং, ড্রাইভিংসহ বিভিন্ন কারিগরী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ নিয়ে তাদের বেকারত্ব দূর করতে চায়। যুব উন্নয়ন অধিদপ্তর শুধুমাত্র কৃষি ভিত্তিক ০৭দিন মেয়াদী প্রশিক্ষণের জন্য বরাদ্দ পেয়ে থাকে তাই উল্লেখিত প্রশিক্ষণ কোর্সগুলি তারাকান্দায় করানো সম্ভব হয়নি। এমতাবস্থায় তারাকান্দা উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচী অর্থবা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করা হইলে প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা যাবে।

সিদ্ধান্ত

১. লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, আত্মকর্মী সৃজন, ঋণ বিতরণ ও আদায় পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
২. যুব ঋণ যাতে প্রশিক্ষিত প্রকল্প গ্রহণকারী প্রকৃত যুবরাই পায় সে দিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া প্রকল্পধারী যুব/যুব মহিলাদের প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শনপূর্বক তাদেরকে উৎসাহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
৩. বঙ্গবন্ধু জন্মশত বার্ষিকী উপলক্ষে কর্মসংস্থান ব্যাংক, ফুলপুর শাখা, ময়মনসিংহে হইতে বঙ্গবন্ধু যুব ঋণ গ্রহণ করার জন্য যুব/যুব মহিলাদের প্রশিক্ষণ চলাকালীন সময়েই বিষয়টি অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।
৪. গ্রাম উত্তিক ইলেকট্রিশিয়ান তৈরীর প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উপজেলা পরিষদের নিকট সুপারিশ করা হল ও উক্ত বিষয়টি আঞ্চলিক উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হল।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ দিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ নজরুল ইসলাম নসর)

সভাপতি

যুব ও ক্রীড়া বিষয়ক উপজেলা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

তারাকান্দা, ময়মনসিংহ।

তারিখঃ ২০.০৪.২১ খ্রি.

স্মারক নং- ৩৪.০১.৬১৮৮.০০০.০৬.০৫৩.১৯-৭১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।

০৩। অফিস নথি।

(মোঃ রফিক উদ্দিন আলী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

তারাকান্দা, ময়মনসিংহ।